**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক পূর্ণরাজ্য দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করবেন ।**

**(২) ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।**

**(৩) নীতিন নবীন ভারতীয় জনতা পার্টির সর্বভারতীয় সভাপতি হিসেবে দায়িত্ব ভার গ্রহণ করেছেন।**

**(৪) পশ্চিমবঙ্গের গার্ডেনরিচ স্পোর্টস কমপ্লেক্সে অনুষ্ঠিত ৬৯ তম জাতীয় স্কুল ক্রীড়ার আসরে জিমনাস্টিক্সে সাফল্য পেয়েছে ত্রিপুরার মেয়ে শ্রেয়াংসী রায় ।**

*****************************************************

**Tripura Statehood Day:**

আগামীকাল ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত রাজ্যভিত্তিক পূর্ণরাজ্য দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করবেন। ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উপলক্ষ্যে সমাজের বিশিষ্ট ব্যক্তিদের বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য পুরস্কার প্রদান করা হবে|

রাজ্য নাগরিক পুরস্কারের মধ্যে ত্রিপুরা বিভূষণ সম্মান প্রদান করা হবে প্রয়াত শিক্ষাবিদ ধীরেন্দ্র চন্দ্র দত্তকে, ত্রিপুরা ভূষণ সম্মান প্রদান করা হবে রাজ্য বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনকে| বিশিষ্ট চিত্রনাট্য লেখক বিপ্লব গোস্বামীকে শচীন দেববর্মণ স্মৃতি রাজ্য সম্মান, বিশিষ্ট লোকশিল্পী সূর্য

কুমার দেববর্মাকে মহারাণী কাঞ্চনপ্রভা দেবী স্মৃতি রাজ্য সম্মান ও বিজ্ঞান ও পরিবেশ সংক্রান্ত কার্যাবলির জন্য নাগরিক পুরস্কার প্রদান করা হবে বীরবিক্রম মেমোরিয়াল কলেজের অ্যাসোসিয়েট প্রফেসর ড. অরিজিৎ দাসকে। তাছাড়া স্টার্টআপ, বায়োটেকনোলজি, মৎস্য চাষ, পশুপালন, হস্ততাঁত ও হস্তকারু, মৌমাছি পালন, ইন্ডাস্ট্রিয়াল এন্টারপ্রাইজ ইত্যাদি ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য পুরস্কার প্রদান করা হবে| শ্রেষ্ঠ কো-অপারেটিভ সোসাইটি হিসেবে গোমতী জেলার তুলামুড়া প্যাকস লিমিটেড, শ্রেষ্ঠ শিক্ষাবিদ হিসেবে বিলোনীয়ার লক্ষ্মণ মালাকারকে এবং শ্রেষ্ঠ ক্রীড়াবিদ হিসেবে নতুননগরের শ্রীপর্ণা দেবনাথকে নাগরিক পুরস্কার প্রদান করা হবে|

এদিকে, আগামীকাল বিকেল চারটায় আগরতলায় লোকভবনে ত্রিপুরা, মনিপুর ও নাগাল্যান্ডের পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হবে|

**************************

**CM- Massage of Tripura StateHood Day :**

ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় তিনি বলেন, '১৯৭২ সালের ২১ জানুয়ারি ত্রিপুরা পূর্ণরাজ্যের স্বীকৃতি লাভ করে।

তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অ্যাক্ট ইস্ট পলিসির ফলে ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের উন্নত যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে সার্বিক উন্নয়নের কাজ তরান্বিত হচ্ছে| ২০১৮ সালে নতুন সরকার ক্ষমতাসীন হওয়ার পর কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, শিল্প, পরিকাঠামো উন্নয়ন, মহিলাদের ক্ষমতায়ন, জনজীবনে নিরাপত্তা প্রদান ও স্বনির্ভরতা অর্জন প্রতিটি ক্ষেত্রেই ত্রিপুরা আজ দেশের অন্যতম রাজ্য হিসাবে চিহ্নিত হয়েছে। মুখ্যমন্ত্রী আরও বলেন, সরকারের মূল লক্ষ্য হচ্ছে, প্রতিটি মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন, অর্থনীতির বিকাশ, রাজ্যের নিজস্ব

সম্পদের সদ্ব্যবহার এবং স্বচ্ছ প্রশাসনের মাধ্যমে ক্ষমতার বিকেন্দ্রীকরণ। বিকশিত ভারত গড়ার লক্ষ্যকে সামনে রেখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নির্দেশিত পথে নতুন ত্রিপুরা গড়ার সংকল্পে অঙ্গীকারবদ্ধ হতে মুখ্যমন্ত্রী রাজ্যবাসীর প্রতি আহ্বান জানান|

**************************

**Santana Chakma:**

ওবিসি কল্যাণ মন্ত্রী সান্তনা চাকমা আজ নয়াদিল্লির শাস্ত্রী ভবনে কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রী ডঃ বীরেন্দ্র কুমারের সঙ্গে এক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে রাজ্যে উচ্চশিক্ষা গ্রহণকারী ওবিসি শিক্ষার্থীদের জন্য প্রি ম্যাট্রিক এবং পোস্ট ম্যাট্রিক বৃত্তি নিয়ে আলোচনা হয়।

**************************

**DGP Anurag:**

রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ আজ নরসিংগড়ে পুলিশ প্রশিক্ষণ কেন্দ্রে এক কর্মশালায় বলেছেন, রাজ্যে বিজ্ঞান ভিত্তিক তদন্তের উপর জোর দেওয়া হচ্ছে। পুলিশের তদন্তকারী অফিসারদের ফরেনসিক তদন্তের উপর নিয়মিত প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। তিনি আরও বলেন, ভারতীয় ন্যায় সংহিতায় ফরেনসিক তথা বিজ্ঞানভিত্তিক তদন্তের উপর জোর দিয়েছে। দিল্লিস্থিত এনসিআরবি-এর প্রতিনিধিরা কর্মশালায় আলোচনা করেন।

**************************

**DM Office:**

বাল্যবিবাহ ও কিশোরীকালীন গর্ভাবস্থা রোধের বিষয় নিয়ে আজ সিপাহীজলা জেলাশাসকের কার্যালয়ে আলোচনা সভা ও কর্মশালা অনুষ্ঠিত হয়| এই

কর্মশালায় সিপাহীজলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল বলেন, বাল্যবিবাহ ও কিশোরীকালীন গর্ভাবস্থার এই জেলায় বেশি ছিল। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার আন্তরিক উদ্যোগে গত এক বছর এই জেলার ১০টি গ্রামে বাল্যবিবাহের হার ১০ শতাংশের নিচে নেমে এসেছে। তিনি বলেন, এই সামাজিক ব্যাধি রোধ করা শুধু পুলিশ বা প্রশাসনের পক্ষে সম্ভব নয়। তার বিরুদ্ধে সমাজের সমস্ত অংশের নাগরিকদের এগিয়ে আসার আহ্বান জানান জেলাশাসক শ্রী জয়সওয়াল। কর্মশালা ও আলোচনা সভায় উপস্থিত ছিলেন জেলার অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সূত্রধর, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের জেলা আধিকারিক উত্তম দাস প্রমুখ।

**************************

**Safai:**

৭৭ তম প্রজাতন্ত্র দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আজ উদয়পুর শহরে পুর পরিষদের উদ্যোগে সাফাই অভিযান হয় l জেলা প্রশাসনের সিদ্ধান্ত অনুসারে আয়োজিত এই সাফাই অভিযানে অংশ নিয়েছেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার ও পুর পরিষদের ডেপুটি CEO জেলকো দেববর্মা|

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং

ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

**************************

**BJP New President:**

নীতিন নবীন ভারতীয় জনতা পার্টির সর্বভারতীয় সভাপতি হিসেবে দায়িত্ব ভার গ্রহণ করেছেন। দলের জাতীয় রিটার্নিং অফিসার ডঃ কে লক্ষ্মণ আজ নতুনদিল্লিতে বিজেপি সদর দপ্তরে সংগঠন পর্বে শ্রী নবীনের দলীয় সভাপতি হিসেবে নিয়োগ ঘোষণা করেন এবং তাঁকে নির্বাচনের শংসাপত্র প্রদান করেন। বিজেপির বরিষ্ঠ নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ, রাজনাথ সিং, জেপি নাড্ডা ও নিতিন গড়করি শ্রী নবীনকে সংবর্ধনা জানান।

**************************

**Courtsey meet:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নতুন দিল্লীতে বিজেপির নতুন সর্বভারতীয় সভাপতি নীতিন নবীনের সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ সাহা শ্রী নবীনের দূরদর্শী নেতৃত্বে আগামীদিনে দলের সাংগঠনিক শক্তি আরও মজবুত হবে বলে আশা প্রকাশ করেন|

**************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে জানুয়ারি, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে

মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩০তম পর্ব| প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন| my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন| এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে| ফোনলাইন এমাসের ২৩ তারিখ পর্যন্ত খোলা থাকবে|

**************************

**Anupriya Patel:**

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল আজ বলেছেন যে আগামী ২৫ বছরে স্বাস্থ্যসেবাকে দেশের যাত্রার কেন্দ্রবিন্দুতে রেখে ভারত একটি উন্নত দেশ হওয়ার দিকে উচ্চাভিলাষীভাবে এগিয়ে চলেছে। পুদুচেরিতে জওহরলাল ইনস্টিটিউট অফ পোস্টগ্রাজুয়েট মেডিকেল এডুকেশন অ্যান্ড রিসার্চের চতুর্দশ সমাবর্তন অনুষ্ঠানে মন্ত্রী বলেন, মোদী সরকার সর্বজনীন স্বাস্থ্যসেবার লক্ষ্য অর্জনের জন্য নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। জাতীয় স্বাস্থ্য নীতির কথা তুলে ধরে, তিনি বলেন, এই নীতির লক্ষ্য হল প্রতিরোধমূলক, প্রচারমূলক, নিরাময়মূলক, পুনর্বাসনমূলক এবং উপশমকারী স্বাস্থ্যসেবার উপর দৃষ্টি নিবদ্ধ করে চিকিৎসা থেকে সুস্থতার দিকে একটি আদর্শ পরিবর্তন আনা।

**************************

**GBP Blood Donation:**

এসআইএস নিরাপত্তা সংস্থার উদ্যোগে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে কার্ল ল্যান্ড স্টেইনার অডিটোরিয়ামে আজ এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন স্বাস্থ্য সচিব

কিরণ গিত্যে।রক্তদান শিবিরে মোট ৮৮ জন নিরাপত্তা কর্মী স্বেচ্ছা রক্তদান করেন।

*************************

**Belonia English Medium Visit:**

বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ, দক্ষিন জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি, জেলা শিক্ষা আধিকারিক দিলীপ চন্দ্র দাস, বিলোনিয়ার মহকুমা শাসক দেবাশীষ দাস প্রমুখ আজ বিলোনিয়া সরকারী ইংরেজি মাধ্যম দ্বাদশ স্কুলের প্রার্থনা সভায় যোগ দেন| প্রার্থনা সভায় জেলাশাসক ছাত্র-ছাত্রীদের সামনে বালিকা মঞ্চের দায়িত্ব ও কর্তব্য এবং ড্রাগসের কুফল সম্পর্কে বক্তব্য রাখেন।

তাছাড়া, দক্ষিন জেলা শিক্ষা আধিকারিক দিলীপ চন্দ্র দাস সুন্দর পোশাক পরিচ্ছদ, শৃঙ্খলা বোধ ও স্বচ্ছতা নিয়ে বক্তব্য রাখেন|

*************************

**Dist: folk dance:**

জনজাতি সম্প্রদায়ের কৃষ্টি ও সংস্কৃতির সার্বিক বিকাশের লক্ষ্যে আজ গোমতি জেলার উদয়পুর রাজর্ষি হলে গোমতী জেলাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়| উদ্বোধন করেন গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়| উপস্থিত ছিলেন উদয়পুর পুরপরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, অতিরিক্ত জেলা শাসক সুভাষ আচার্য ও জেলা জনজাতি কল্যাণ আধিকারিক কালিদাস ঘোষ প্রমুখ।প্রতিযোগিতায় তিনটি মহকুমা থেকে তিনটি দল অংশ নিয়েছে। জেলার প্রথম স্থানাধিকারী দল উদয়পুর মহকুমা আগামী ছাব্বিশ জানুয়ারী রাজ্য ভিত্তিক জনজাতি লোক নৃত্য প্রতিযোগিতায় অংশ নেবে।

**************************

**Traffic awareness week:**

জাতীয় সড়ক সুরক্ষা মাস, ২০২৬ উপলক্ষে আজ তেলিয়ামুড়া নেতাজিনগর বাসস্ট্যান্ডে সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্য বিধানসভার মুখ্য সচেতক কল্যানী রায়, তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারম্যান রূপক সরকার, তেলিয়ামুড়া মহকুমা শাসক অপূর্ব কৃষ্ণ চক্রবর্তী প্রমুখ।

**************************

**National school gymnastics:**

পশ্চিমবঙ্গের গার্ডেনরিচ স্পোর্টস কমপ্লেক্সে অনুষ্ঠিত ৬৯ তম জাতীয় স্কুল ক্রীড়ার আসরে জিমনাস্টিক্সে সাফল্য পেয়েছে ত্রিপুরার মেয়ে শ্রেয়াংসী রায়| অনুর্ধ চৌদ্দ ব্যক্তিগত বিভাগে দু'টি সোনা একটি রুপো ও একটি ব্রোঞ্জ পদক জয় করে রাজ্যের মুখ উজ্জ্বল করেছে এই খুদে জিমনাস্ট| উল্লেখ্য, স্কুল গেমস ফেডারেশন অফ ইন্ডিয়া আয়োজিত এই প্রতিযোগিতার উদ্বোধন হয় গতকাল | আজ শেষ দিনে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের অলিম্পিয়ান জিমনাস্ট পদ্মশ্রী দীপা কর্মকার|

**************************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.৫ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**************************

************************